

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫২২(আগরতলা-১১।০১)

সোনামুড়া, ১১ জানুয়ারী, ২০১৮

সোনামুড়ার বটতলীতে ১৩-১৪ জানুয়ারী পৌষ সংক্রান্তি মেলা

১৩ এবং ১৪ জানুয়ারী সোনামুড়ার বটতলীতে অনুষ্ঠিত হবে ঐতিহ্যবাহী পৌষ সংক্রান্তি মেলা। অর্ধ শতাব্দী প্রাচীন এই মেলাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নলছড় ব্লক প্রশাসনের উদ্যোগে জমাতিয়া হদা সহ বিভিন্ন দপ্তর ও চন্দনমুড়া গ্রাম পঞ্চায়েতের সহায়তায় ব্যাপক প্রস্তুতি নেয়া হয়েছে। ১৩ জানুয়ারী সন্ধ্যা ৭টায় মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন বিধায়ক তপন দাস। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক শ্যামল চক্রবর্তী ও মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন সুরেশ দাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এম ডি সি মায়ারানী দেববর্মা এবং নলছড় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নিমাই দেবনাথ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পরিতোষ দাস।

\*\*\*\*\*